দৈনিক ইত্তেফাক

তারিখ ...............................
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ......
APR. 09 2002

# শিক্ষা মন্ত্রণালয় সমীপে নিবেদন

গত ২৮-১-২০০২ তারিখের শিক্ষা মন্ত্রণালয় থেকে দেশের সকল শিক্ষাবোর্ডে পাঠানো এক সার্কুলারে জানানো হয়, যে ১৯৯৯ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যারা 'বিশেষ পাস' পরীক্ষায় অংশগ্রহণ করে পাস করেছে, তাদের প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ফলাফল নির্ধারিত হবে। শিক্ষা মন্ত্রণালয়ের এই সময়োপযোগী সার্কুলারের জন্য অনেক শিক্ষার্থীর উচ্চ শিক্ষার পথ সুগম হয়েছে। কিন্তু 'বিশেষ পাস' লেখা সার্টিফিকেট একজন শিক্ষার্থীর জীবনে অভিশাপ ছাড়া কিছুই নয়। তবে এবছর শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ফলে অনার্স কোর্সে ভর্তি হওয়া সম্ভব হয়েছে। সম্ভব হয়েছে। কিন্তু 'বিশেষ পাস' প্রাপ্তদের বর্তমানে ফলাফল অনুযায়ী বিভাগ নির্ধারণ করা হলেও তাদের মার্কশীট এবং কলেজ কর্তৃপক্ষের ইস্যুকৃত প্রশংসা পত্রে 'বিশেষ পাস' লেখাই রয়ে গেছে। এতে করে একজন ছাত্র/ছাত্রী নানা বিড়ম্বনার শিকার হতেই পারে। তাই শিক্ষা মন্ত্রণালয় সমীপে একজন ভুক্তভোগী ছাত্র হিসেবে আমার নিবেদন এই যে, সকল শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ যাতে স্বল্প সময়ের মধ্যে নির্দিষ্ট ফি গ্রহণ করে সংশোধিত নতুন মার্কশীট